# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
### Bengali Text Bulletin

**Date 13-10-2025** **Time: 7.35 A.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে , বেসরকারি মেডিক্যাল কলেজের ডাক্তারি পড়ুয়াকে গণধর্ষণের অভিযোগে ধৃত তিনজনের দশদিনের পুলিশ হেফাজত।

২) রাতে মহিলাদের বাইরে বেরনো নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর মন্তব্যের কড়া সমালোচনা বিরোধীদের।

৩) উত্তরবঙ্গে সাম্প্রতিক বিপর্যয়ে ভালো কাজের জন্য মুখ্যমন্ত্রী আলিপুরদুয়ারের বিপর্যয় মোকাবিলা দপ্তরের ৮ কর্মীকে পুরস্কৃত করেছেন।

৪) কলকাতায় ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে ৭-ই ডিসেম্বর ৫ লক্ষ কণ্ঠে গীতা পাঠের আয়োজন করেছে সনাতন সংস্কৃতি সংসদ।

৫) বর্ধমান স্টেশনে ট্রেন ধরতে গিয়ে হুড়োহুড়িতে আহত অন্তত সাত।

৫) ১১ দিনের নিষেধাজ্ঞার পর বঙ্গোপসাগর এবং সুন্দরবনের নদীতে ইলিশ ধরতে পাড়ি দিয়েছেন মৎস্যজীবীরা।

---

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে , বেসরকারি মেডিক্যাল কলেজের দ্বিতীয় বর্ষের ডাক্তারি পড়ুয়াকে গণধর্ষণের অভিযোগে ধৃত তিনজনের দশদিনের পুলিশ হেফাজত হয়েছে।

অভিযুক্ত অপু বাউরি, ফিরদৌস শেখ এবং শেখ রেজাউদ্দীনকে গতকাল দুর্গাপুর আদালতে তোলা হয়। বিজরা গ্রামের বাসিন্দা ঐ তিনজনকে মোবাইল টাওয়ার লোকেশন ট্র্যাক করে ধরা হয়। **এই ঘটনার সঙ্গে জড়িত বাকিদের খোঁজেও তল্লাশি চালানো হচ্ছে বলে খবর পুলিশ সূত্রে।** এদিকে ঘটনার ৩৬ ঘন্টা কেটে যাবার পর ফরেন্সিক দল গতকাল ঘটনাস্থল থেকে নমুনা সংগ্রহ করছে। আসানসোল দুর্গাপুর পুলিশ কমিশনারেটের ডেপুটি কমিশনার অভিষেক গুপ্তা জানিয়েছেন, সবদিক খতিয়ে দেখা হচ্ছে।

বেসরকারী মেডিক্যাল কলেজগুলির ছাত্রীদের প্রতি আরো দায়িত্বশীল হওয়া উচিৎ বলে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মন্তব্য করেছেন। উত্তরবঙ্গ রওনা হওয়ার আগে কলকাতা বিমানবন্দরে সাংবাদিকদের তিনি বলেন, দোষীরা কেউ ছাড়া পাবেন না। তবে, রাতে ওই পড়ুয়ার বাইরে বেরনো নিয়ে প্রশ্ন তোলেন মুখ্যমন্ত্রী।

(বাইট – মুখ্যমন্ত্রী)

দোষীদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে বলেও আশ্বাস দিয়েছেন মুখ্যমন্ত্রী।

এদিকে, মুখ্যমন্ত্রী মেয়েদের রাতে বাইরে বেরনো নিয়ে যে প্রশ্ন তুলেছেন, তা নিয়ে রাজনৈতিক তরজা তুঙ্গে। শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার এর প্রতিবাদ করে বলেন, মুখ্যমন্ত্রীর দৃষ্টিভঙ্গীর জন্য রাজ্য আরও পিছিয়ে যাচ্ছে।

(বাইট – সুকান্ত)

বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য এক্স হ্যান্ডেলে বলেছেন, রাতে মহিলাদের ঘর থেকে বের হওয়া উচিত নয় বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী যে মন্তব্য করেছেন, তা শুধু অসংবেদনশীল-ই নয়, চরম অপমানজনক।

বিজেপি নেত্রী লকেট চট্টোপাধ্যায়, অন্য নেতা কর্মীদের নিয়ে সেখানে পৌঁছলে, পুলিশ তাঁদের হাসপাতালে ঢুকতে বাধা দেয়। বন্ধ রাখা হয় হাসপাতালের গেট।

দুর্গাপুরে ডাক্তারী পড়ুয়া ছাত্রীকে গণধর্ষণের ঘটনায় মুখ্যমন্ত্রীর মন্তব্যের কড়া সমালোচনা করেছেন সিপিআইএমের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম। বাম যুব সংগঠন DYFI এর ইনকিলাব যাত্রায় অংশ নিয়ে গতকাল তিনি বলেন, অভয়া কান্ডের পরে মেয়েরা রাত জেগেছিলেন। কিন্তু পরিস্থিতির বদল হয়নি।

(বাইট – সেলিম)

এদিকে, দোষীদের শাস্তির দাবিতে দুর্গাপুরের ঐ বেসরকারী মেডিক্যাল কলেজের সামনে কংগ্রেসও গতকাল বিক্ষোভ দেখায়। ওই মেডিক্যাল কলেজেরই হাসপাতালে ভর্তি রয়েছেন নির্যাতিতা তরুণী। দুর্গাপুরের ঘটনা নিয়ে মুখ্যমন্ত্রীর মন্তব্যের কড়া সমালোচনা করেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার।

ডাক্তারি পড়ুয়ার ধর্ষণের ঘটনায় আজ অভয়া মঞ্চের ২৭ জনের একটি প্রতিনিধি দল কলকাতা থেকে দুর্গাপুর পৌঁছয়। হাসপাতালে ঢুকতে বাধা পেয়ে গেটের বাইরেই বিক্ষোভে ফেটে পড়েন তারা। বিজেপির কর্মী সমর্থকদের সঙ্গে অভয়া মঞ্চের সদস্যদের বচসা হয় বলেও খবর।

এদিকে ওড়িশা সরকারের এক মহিলা সদস্য-সহ তিন প্রতিনিধি গতকাল 'নির্যাতিতা'র সঙ্গে দেখা করতে যান। সেই প্রতিনিধিদলে এক পুলিশ আধিকারিক এবং জেলা প্রশাসনের এক আধিকারিক ছিলেন। কিন্তু তাঁদের জন্য হাসপাতালের গেট খোলা হয়নি বলে অভিযোগ।

--------------------

গোপনে তোলা ছবি ভাইরাল করে দেওয়ার ভয় দেখিয়ে এক পুলিশ কর্মীর মেয়েকে ধর্ষণের অভিযোগে উত্তর ২৪ পরগণার বসিরহাটের হাড়োয়ায় বাবা ও ছেলেকে গ্রেপ্তার করেছে পুলিশ। সোশ্যাল মিডিয়ায় ভিডিও ও রিলস বানানোর নাম করে ঐ নাবালিকাকে বাড়িতে ডেকে লাগাতার ধর্ষণ করা হয় বলে অভিযোগ। লিখিত অভিযোগের ভিত্তিতে অরবিন্দ মন্ডল ও তার ছেলেকে পুলিশ গ্রেপ্তার করে। গতকাল তাদের আদালতে তোলা হলে অরবিন্দের তিনদিনের পুলিশ হেফাজত এবং তার নাবালক ছেলেকে হোমে পাঠানোর নির্দেশ দেওয়া হয়। ধৃত অরবিন্দ ইউটিউবে একটি চ্যানেল চালায় বলে জানা গেছে।

---------------------

উত্তরবঙ্গে সাম্প্রতিক বিপর্যয়ে ভালো কাজের জন্য মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আলিপুরদুয়ারে বিপর্যয় মোকাবিলা দপ্তরের ৮ কর্মীকে পুরস্কৃত করেছেন। গতকালই উত্তরবঙ্গ সফরে আলিপুরদুয়ার পৌঁছন মুখ্যমন্ত্রী। প্রশাসনিক বৈঠকের পর দুর্গতদের হাতে ত্রাণ সামগ্রী তুলে দেন তিনি। পরিদর্শন করেন সুভাষিনী চা বাগান। বিপর্যয় মোকাবিলা দপ্তরের কর্মীদের তৎপরতার কারণে অনেকের প্রাণহানী ঠেকানো গেছে বলে মন্তব্য করেন তিনি। আজ জলপাইগুড়ির নাগরাকাটায় যাবেন তিনি। রাতে উত্তরকন্যায় ফিরে আগামীকাল মিরিকের বিপর্যস্ত এলাকা পরিদর্শনে যাওয়ার কথা তাঁর। দার্জিলিং-এ রাত্রিবাসের পর বৃহস্পতিবার দার্জিলিং-কালিম্পঙ-এর পরিস্থিতি নিয়ে পর্যালোচনা বৈঠক করবেন মুখ্যমন্ত্রী।

---------------------

নাগরাকাটায় সাংসদ খগেন মুর্মুর আহত হওয়ার প্রেক্ষিতে রাজ্যে আদিবাসীদের ওপর আক্রমণের অভিযোগ তুলে বিজেপি আজ থেকে রাজ্যের বিভিন্ন জেলায় বিক্ষোভ কর্মসূচী গ্রহণ করবে। দলের আলিপুরদুয়ারের সাংসদ মনোজ টিগ্গা বলেছেন, আদিবাসী সম্প্রয়াদের মানুষ আরও বেশি সংখ্যায় বিজেপির সঙ্গে যুক্ত হয়েছে। তাই তাদের বঞ্চিত করছে রাজ্যএর তৃণমূল কংগ্রেস সরকার।

--------------------

কলকাতায় এবার ৫ লক্ষ কণ্ঠে গীতা পাঠের আয়োজন করা হয়েছে। সনাতন সংস্কৃতি সংসদের উদ্যোগে ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে ৭-ই ডিসেম্বর এই গীতা পাঠ অনুষ্ঠিত হবে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে অনুষ্ঠানের ঘোষণা করে সনাতন সংস্কৃতি সংসদের সম্পাদক নির্গুণানন্দ ব্রহ্মচারী জানিয়েছেন,এবছর এই গীতা পাঠের চতুর্থ বর্ষ।

অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য কোন নাম নথিভুক্তকরনের প্রয়োজন হবে না। সাংবাদিক বৈঠকে গীতা পাঠ কমিটির অধ্যক্ষ স্বামী জ্ঞানানন্দ মহারাজ জানিয়েছেন,এই গীতা পাঠ কাউকে ছোট করার জন্য নয়। বরং বাংলার গৌরবকে ত্বরান্বিত করবে। ভগবত গীতা কোন ধর্ম ও জাতির জন্য সীমাবদ্ধ নয়। গীতা সারা বিশ্বে মানুষের মধ্যে শান্তি ও সম্প্রীতি বজায় রাখে। সনাতন সংস্কৃতি সংসদের অধ্যক্ষ স্বামী প্রদীপ্তানন্দ মহারাজ বলেন, রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী সহ সব রাজ্যের মুখ্যমন্ত্রীকে আমন্ত্রণ জানানো হচ্ছে।

--------------------

ট্রেন ধরতে সিঁড়ি দিয়ে নামার সময় হুড়োহুড়ির ঘটনায় গতকাল বর্ধমান স্টেশনে গতকাল পদপিষ্ট হয়ে বেশ কয়েকজন যাত্রী আহত হয়েছেন। জানা গেছে সন্ধ্যায় স্টেশনের চার, ছয় ও সাত নম্বর প্ল্যাটফর্মে লোক্যাল ট্রেন ছিল। ট্রেন ধরতে গিয়েই যাত্রীদের মধ্যে ধাক্কাধাক্কি চলে। কয়েকজন পড়ে গিয়ে অন্তত ৭ জন আহত হন, তাঁদের বর্ধমান মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ভর্তি করা হয়েছে। সংকীর্ণ সিঁড়ি ও পর্যাপ্ত নিরাপত্তা কর্মীর অভাব নিয়ে যাত্রীদের মধ্যে ক্ষোভ তৈরি হয়েছে।

আহতদের দেখতে হাসপাতালে যান বর্ধমান দক্ষিণের তৃণমূল বিধায়ক খোকন দাস। রেলের বিরুদ্ধে গাফিলতির অভিযোগ তুলে সরব হন তিনি।

রেল প্রশাসন ঘটনার তদন্ত শুরু হয়েছে। ভবিষ্যতে এমন পরিস্থিতি এড়াতে পদক্ষেপ নেওয়া হবে বলেও রেলের তরফে জানানো হয়েছে।

---------------------

উৎসবের মরশুমে পণ্য পরিষেবা করের হার পরিবর্তনের পর সারা দেশেই বেড়েছে ব্যবসা। সাধারণ মানুষ যেমন উপকৃত হয়েছেন ঠিক তেমনি লাভের মুখ দেখেছে ছোট বড় বিভিন্ন ব্যবসায়ী। ছোট গাড়ির জিএসটি হার কমাতে সারাদেশ থেকেই খবর এসেছে বিক্রয় বেশি হওয়ার। সমীক্ষায় উঠে এসেছে নবরাত্রি বা দুর্গাপুজো উপলক্ষে দেশের অন্যতম অটোমোবাইল কোম্পানি মারুতি রেকর্ড সংখ্যক গাড়ি বুকিং ও বিক্রি করেছে। কলকাতার মারুতি ডিলার ওয়ান অটোর ফিনান্স ম্যানেজার কিংকর মুখার্জি জানালেন দুর্গাপূজাতেও ব্যবসা ভালো হয়েছে দীপাবলীর আগেও বুকিং বেড়েছে। যার অন্যতম কারণ জিএসটি হার হ্রাস পাওয়া।

বাইট

---------------------

রাজ্য সরকার এরাজ্যের বিভিন্ন প্রান্তে চলা টোটোগুলিকে নিয়ন্ত্রণে আনতে চলেছে। এজন্য রাজ্যে চলা টোটোগুলির একটি অস্থায়ী টোটো এনরোলমেন্ট নম্বর বা TTEN- চালু করা হবে। এই নম্বর পেতে আজ থেকে আবেদন গ্রহণ করা হবে। আগামী ৩০ নভেম্বর পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে বলে রাজ্যের পরিবহন মন্ত্রী স্নেহাশীষ চক্রবর্তী জানিয়েছেন। আবেদনের ভিত্তিতে প্রতিটির জন্য QR কোড সহ নম্বর দেওয়া হবে। ওই সময় সীমার মধ্যে আবেদন না করা হলে টোটোগুলিকে কোনোভাবেই চলতে দেওয়া হবে না বলে পরিবহন মন্ত্রী জানান।

তিনি বলেন, সব টোটো মালিকরা যাতে এই আবেদন করতে পারেন সেজন্য জেলা প্রশাসন ও পরিবহন দপ্তরের তরফে বিশেষ প্রচার চালানো হচ্ছে।

---------------------

বঙ্গোপসাগর এবং সুন্দরবনের নদীতে ইলিশ প্রজননকালীন সরকারি নিষেধাজ্ঞা উঠে যাওয়ায় দক্ষিণ ২৪ পরগণার কাকদ্বীপ, নামখানা, ফ্রেজারগঞ্জ, রায়দিঘি থেকে কয়েকশো ট্রলার গভীর সমুদ্রে পাড়ি দিয়েছে। ১১ দিন ধরে ইলিশ ধরা সম্পূর্ণ নিষিদ্ধ ছিল। জেলা মৎস্যদপ্তরের পক্ষ থেকে ট্রলারগুলিকে পরিবেশ সংরক্ষণ এবং নিয়মকানুন মেনে চলার নির্দেশ দেওয়া হয়েছে।

---------------------

গোটা রাজ্য থেকে বর্ষা বিদায় নেবার প্রেক্ষিতে আগামী সাতদিন কলকাতা ও সংলগ্ন অঞ্চলের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। আবহবিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে

জানিয়েছেন, উপকূলের জেলাগুলিতে দু এক পশলা হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। উত্তরের দার্জিলিং জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, কোচবিহার ও কালিম্পং এ আগামী দুদিন হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

-------------------- --------------------